



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, গুয়েস্ট খানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

স্মারক নং- ইআবি/একা-৩৯/কা.মা.২ বছর.ভর্তি/২০১৮/৮৪৫৯


তারিখ : ২৭/০৬/২০১৯খ্রি.

কামিল স্নাতকোত্তর (২ বছর মেয়াদী) শ্রেণীতে ১ম পর্বে ভর্তির নির্দেশনাবলি

এতদ্বারা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ও প্রাথমিক পাঠদান অনুমতিপ্রাপ্ত সকল কামিল মাদরাসার অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে কামিল স্নাতকোত্তর (২ বছর মেয়াদী) শ্রেণীতে ১ম পর্বে ভর্তির বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির সভার সিদ্ধান্ত-০৩ অনুযায়ী নিম্নলিখিত নির্দেশনাবলি যথাযথভাবে পালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো:

- ভর্তি বিজ্ঞপ্তিটি মাদরাসার নোটিশ বোর্ড, নিজস্ব ওয়েবসাইট, ব্যানার, ফেস্টুন, দেয়ালিকাসহ বিভিন্ন মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ভর্তি ফরম ব্যতীত কোন শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
- প্রত্যেক শিক্ষার্থীর ভর্তি ফরম সংশ্লিষ্ট মাদরাসা যথাযথভাবে সংরক্ষণ করবে।
- ইসলামি বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়ার অধীনে ফাজিল ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষা-২০১৭ (সেশন-২০১৪-২০১৫) এ উত্তীর্ণ এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ফাজিল ৩য় বর্ষ পরীক্ষা-২০১৮ (সেশন-২০১৫-২০১৬) এ উত্তীর্ণ শিক্ষার্থীদের আলাদাভাবে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
- ভর্তির জন্য মাদরাসার নির্ধারিত ভর্তি কমিটি সংশ্লিষ্ট মাদরাসায় শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে সকল দায়িত্ব পালন করবে।

বি: দ্র: ভর্তি ও রেজিস্ট্রেশন সংক্রান্ত যে কোন জরুরী তথ্যের জন্য ০১৮১৭-৭৫৪৭৬৫, ০১৭১৯-৫০৭১২৩ ও ০১৭৫৫-৪৮৫১৫৮ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


রেজিস্ট্রার (ভর্তিপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়,
ঢাকা।